

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১০.২০১১-৫১২

তারিখ : ১৮ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০২ জুলাই, ২০১৭ খ্রিঃ।

বিষয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের POP স্থাপনে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে কক্ষ বরাদ্দ এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনে রাস্তা ব্যবহারের অনুমতি প্রদান সংক্রান্ত।


সূত্র : জনাব জুনাইদ আহমেদ পলক, এম পি, প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর আধা-সরকারি পত্র নং-৫০৬(ক), তারিখঃ ২৫ মে, ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে সরকার পর্যায়ক্রমে দেশের সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হচ্ছে। অনুমোদিত পিপি অনুযায়ী নির্মিত ইউনিয়ন পরিষদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের জন্য নিম্নরূপভাবে কক্ষের সংস্থান রাখা হয়েছে (সংযুক্তি-০১)ঃ

মূল অংশঃ- ১। চেয়ারম্যান-১টি, ২। সদস্য ও সদস্যা-১টি, ৩। ইউপি সচিব-১টি, ৪। মিটিং রুম-১টি।

সম্প্রসারিত অংশঃ- ১। কৃষি সম্প্রসারণ-১টি, ২। পশু সম্পদ-১টি, ৩। আনসার ডিডিপি-১টি, ৪। ডিপিএচই-১টি, ৫। বিআরডিবি-১টি, ৬। শিক্ষা-১টি, ৭। এলজিইডি-১টি এবং ৮। পরিদর্শন কক্ষ-১টি।

০২। এমতাবস্থায়, অনুমোদিত পিপি অনুযায়ী নির্মিত ইউনিয়ন পরিষদ ভবনে উল্লিখিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিস ব্যতিরেকে অন্য কোন কক্ষ নির্মাণ করা হয়নি বিধায় ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাস্তবায়নধীন ইনফো-সরকার তৃতীয় পর্যায় প্রকল্পের Point of Presence (POP) স্থাপনে কক্ষ বরাদ্দের সুযোগ নেই।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।